

৬ ঘণ্টা পর রেল অবরোধ প্রত্যাহার

# আলোচনায় বসতে রাজি বাকুবির শিক্ষক-শিক্ষার্থী

বাকুবি প্রতিনিধি

০৩ সেপ্টেম্বর ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকুবি) চলমান আন্দোলন ও উদ্ভূত পরিস্থিতিতে আলোচনায় বসতে সম্মত হয়েছেন প্রশাসন ও আন্দোলনরত শিক্ষার্থীরা। গতকাল মঙ্গলবার বিকাল ৫টার দিকে পৃথক সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি জানান প্রক্টর অধ্যাপক ড. মো. আব্দুল আলীম ও তৃতীয় বর্ষের শিক্ষার্থী এহসানুল হক হিমেল।

ড. আব্দুল আলীম বলেন, ছাত্ররা আমাদের সঙ্গে বসতে চেয়েছে, আমরাও খোলা মন নিয়ে বসতে চাই। দিন শেষে শ্রদ্ধা, স্নেহ মিলে ছাত্র-শিক্ষকের সুসম্পর্ক বজায় রেখেই এগিয়ে যেতে হবে। শিক্ষার্থীরা তাদের মতামত দিলে উপাচার্যকে অবহিত করা হবে। আশা করি আলোচনার মাধ্যমে এ অচলাবস্থা কেটে যাবে।

অন্যদিকে আন্দোলনে অংশগ্রহণকারী পশুপালন অনুষদের শিক্ষার্থী এহসানুল হক হিমেল জানান, কম্বাইন্ড ডিগ্রি নিত্যে চলমান সংকট সমাধানের জন্য আমরা নিঃশর্তভাবে প্রশাসনিক কর্মকর্তাদের সঙ্গে বসতে রাজি হয়েছি। আমরা চাই না ছাত্র-শিক্ষক সম্পর্ক খারাপ হোক। আমরা চাই, ফলপ্রসূ সমাধান হোক।

এর আগে বাকুবি শিক্ষার্থীদের ওপর বহিরাগতদের হামলার প্রতিবাদে ৬ দফা দাবিতে রেল অবরোধ বর্মসূচি ছয় ঘণ্টা পর প্রত্যাহার বরা হয়েছিল। গতকাল বিকাল ৫টায় এক সংবাদ সম্মেলনে শর্তসাপেক্ষে এ অবরোধ তুলে নেন শিক্ষার্থীরা। এ ছাড়া তারা প্রোস্ট্রের আশ্বাসে পূবালী ব্যাংকের তালা খুলে দেন। তবে কোষাধ্যক্ষ ভবনে এখনও তালা আছে।